



আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস ২০১২ উদযাপন কমিটির ১ম সভার কমিটি বিষয়ক সিদ্ধান্ত সমূহ  
স্থান: কোস্ট ট্রাস্ট, কেন্দ্রীয় কার্যালয়, সময় -সকাল ১০ টা থেকে ১ টা পর্যন্ত , তারিখ ১১ আগস্ট ২০১২।

**বিষয় : জরুরী ভাবে এ্যাকশনে যাবার জন্য আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস উদযাপন জেলা কমিটি পুন:গঠন ও সচলীকরণ বিষয়ক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ।**

অদ্য ১১ আগস্ট শনিবার কোস্ট ট্রাস্ট কেন্দ্রীয় কার্যালয়ে ,আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস উদযাপন জাতীয় কমিটির বর্তমান সভাপতি জনাব স্বপন গুহ এর সভাপতিত্বে সভা শুরু হয় এবং অনুষ্ঠান পরিচালনা করেন জাতীয় কমিটির সদস্য সচিব জনাব মোস্তফা কামাল আকন্দ।

সিদ্ধান্তসমূহ:-

- আগামী ৩১ শে আগস্ট ২০১২ এর মধ্যে জেলা পর্যায়ের কমিটি গঠন করে ৭ সেপ্টেম্বর এর মধ্যে সচিবালয়ে পাঠানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়, যাতে করে ২য় সভায় তা উত্থাপন করা যায় ( একটি ছক -১ সংযুক্ত করে দেওয়া হলো ) ।
- কমিটির কাঠামো :
  - সভাপতি -১ জন
  - সহ-সভাপতি - ১ জন
  - সমন্বয়ক/ সম্পাদক - ১ জন
  - কোষাধ্যক্ষ-১ জন
  - বাকী সবাই সদস্য
  - যেখানে সংশ্লিষ্ট জেলার প্রত্যেক উপজেলা থেকে ১ জন করে প্রতিনিধি থাকতে হবে।
- আনুষ্ঠানিক সভা আহবানের মাধ্যমে উক্ত কমিটি পুন:গঠিত হতে হবে।
- কমিটির শর্তাবলী : যদি সভাপতি পুরুষ হন , তবে সহ-সভাপতি নারী হবেন, কমিটির মোট সদস্য সংখ্যার অর্ধেক নারী সদস্য হতে হবে। কমিটিতে সংশ্লিষ্ট জেলার সিভিল সোসাইটির সদস্য , বিভিন্ন পেশাজীবী, সাংস্কৃতিক কর্মী , সংবাদকর্মী এবং এনজিও প্রতিনিধির সমন্বয়ে ৯ থেকে ১১ জনের কমিটি থাকলে ভাল হয় ( জেলাগুলিতে উপজেলার সংখ্যা অনুযায়ী সদস্য কম বেশী হতে পারে ) ।  
ছক-১ ( কমিটির গঠন ছক )।

ক্রম	নাম	সংগঠনের নাম	জেলা কমিটির/ উপজেলার নাম পদবী	মোবাইল নাম্বার	ই-মেইল

- পরবর্তী সভা ১৫ সেপ্টেম্বর শনিবার ২০১২ সকাল ১০টায় কোস্ট ট্রাস্ট, বাড়ী -১৩/৩, রোড-২, শ্যামলী ঢাকা অনুষ্ঠিত হবে এবং সবাইকে চিঠি দিয়ে জানানো হবে , দুপুরের লাঞ্চ এর মাধ্যমে সভার সমাপ্তি হবে।

কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক রেজাউল করিম চৌধুরী সেক্রেটারিয়েটের পক্ষ থেকে সবার প্রতি কৃতজ্ঞতা জানান এবং আজকের সভার সভাপ্রধান স্বপন গুহ সবার প্রতি কৃতজ্ঞতা, আগামী সভায় উপস্থিত হওয়ার আমন্ত্রন এবং ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

বি: দ্র: ( সভার পূর্নাঙ্গ বিবরণী পরে পাঠানো হবে)

বিনীত

মোস্তফা কামাল আকন্দ (০১৭১১-৪৫৫৫৯১)

সাধারণ সম্পাদক

আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস উদযাপন জাতীয় কমিটি

সচিবালয়:

ইকুইটি এন্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ বাংলাদেশ (ইকুইটিবিডি)

বাড়ি নং ১৩/৩ , রোড নং ২ , শ্যামলী ১২০৭ , ঢাকা।

ফোনঃ +৮৮-০২-৮১২৫১৮১ , +৮৮-০২-৮১৫৪৬৭৩ , ফেক্স : +৮৮-০২-৯১২১৩৯৫

ইমেইল : [info@equitybd.org](mailto:info@equitybd.org), ওয়েব সাইট : [www.equitybd.org](http://www.equitybd.org).